গাংনীতে বিএনএফ এর অর্থায়নে প্রতিবন্ধীদের মাঝে বিনামুল্যে ছাগল বিতরণ

মেহেরপুরের গাংনীতে প্রতিবন্ধী উন্নয়ন কর্মসুচীর আওতায় প্রতিবন্ধীদের মাঝে বিনামুল্যে ছাগল বিতরণ করা হয়েছে।

আজ (৩ নভেম্বর) মঙ্গলবার সকালে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে আলোচনা সভা শেষে ছাগল বিতরণ করা হয়। প্রতিবন্ধী পরিবারকে আর্থিক স্বচ্ছলতা ও সাবলম্বি করতে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন বিএনএফ এর অর্থায়নে ২৫ জনকে দুটি করে ছাগল দেয়া হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুর রহমাম। প্রতিবন্ধীদের উদ্দেশ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুর রহমান বলেন, প্রতিবন্ধীরা সমাজ বা পরিবারের বোঝা নয়। এরা সুবর্ণ নাগরিক। পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির এই উদ্যোগ খুবই প্রসংশিত। দুটি ছাগলই হতে পারে একটি অসচ্ছল পরিবারের স্বচ্ছজলতার উৎস।

উপকারভোগীরা জানান, বিএনএফ এর অর্থে পাওয়া বিনামুল্েযের ছাগল পালনের মাধ্যমে তারা সাবলম্বী হতে চান।

বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আরশাদ আলী ও উপজেলা প্রাণী সম্পদ অধিদপ্তরের ভারপ্রাপ্ত কর্মকর্তা ডাক্তার মো: আরিফুল ইসলাম। আলোচনা সভায় বক্তব্য দেন পিএসকেএস এর নির্বাহী পরিচালক মুহাঃ মোশাররফ হোসেন ও পরিচালক মোহাম্মদ কামরুজ্জামানসহ অতিথিবৃন্দ।